# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL


## সরকারিভাবে জর্ডান- এর গার্মেন্টস কোম্পানি ক্লাসিক ফ্যাশন -এ মহিলা কর্মী নিয়োগ।

স্মারক নং- ৪৯.০২.০০০০.০০০.০৫.০১০.২০-১৬২৮ তারিখ ঃ ১৮.০৫.২০২৫ খ্রিস্টাব্দ

বোয়েসেল- এর মাধ্যমে জর্ডানস্থ **Classic Fashion** কোম্পানিতে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে :

| ক্রমিক নং | পদের নাম | লিঙ্গ | বয়স (বছর) | পদ সংখ্যা | বেতন (জর্ডানি দিনার) | শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা | আবেদনের মাধ্যম |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | প্রোডাকশন সুপারভাইজার | মহিলা | (২৫-৪০) | ২০ | ৩৫০ | সংশ্লিষ্ট কাজে (গার্মেন্টস ফ্যাক্টরিতে) সর্বনিম্ন ০৫ বছরের অভিজ্ঞতা। | **অনলাইন।** **অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা চার্জ পরিশোধ করতে হবে ।** |

**চাকরির শর্তাবলি:**

(১) চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়নযোগ্য)।
(২) দৈনিক ১০ (দশ) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন।
(৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
(৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফিরে আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
(৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো ফৌজদারি মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবে।
(৬) একাধিক পাসপোর্ট থাকলে সঙ্গে আনতে হবে।
(৭) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

**বোয়েসেল- এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ :**

নির্বাচিত কর্মীদের **বোয়েসেল- এর সার্ভিস চার্জ, বহির্গমন ট্যাক্স, সার্ভিস চার্জের ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, জীবন বিমা, এবং ওয়েজ আর্নার্স কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ কোম্পানি বহন করবে।** তবে মেডিকেল ফি ও ফিঙ্গার প্রিন্টের ফি নির্বাচিত কর্মীদের বহন করতে হবে। জর্ডানে গমন করার পর প্রার্থীর মেডিকেল ফি ও ফিঙ্গার প্রিন্টের ফি বাবদ খরচের টাকা কোম্পানি কর্তৃক কর্মীকে ফেরত প্রদান করা হবে।

**সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে :**

(১) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা) (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ১০ (দশ) সেট রঙিন ফটোকপি (৩) ভোটার আইডি কার্ড / জন্ম নিবন্ধন (৪) শিক্ষাগত / অভিজ্ঞতার সনদ (যদি থাকে) (৫) Bio-data (জীবন বৃত্তান্ত)। আগ্রহী প্রার্থীদের নিম্নোলিখিত লিংক এর মাধ্যমে আবেদন করতে হবে। **ইন্টারভিউ এর তারিখ ও সময় পরবর্তীতে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।** এ সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য ০২৪৮৩১৯১২৫ ও ০২৪৮৩১৭৫১৫ এবং প্রবাস বন্ধু কল সেন্টার ঃ ১৬১৩৫ [টোল ফ্রি] নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

**আবেদনের ক্ষেত্রে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বিবেচিত হবেন। নির্দিষ্ট সংখ্যক আবেদন জমা হলে সিস্টেমটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।**

অনলাইন আবেদন লিংক: **https://brms.boesl.gov.bd/**

**আবেদনের শেষ তারিখ: ২৫ মে ২০২৫ খ্রি. বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।**

১৮.৫.২০২৫

১৮/০৫/২০২৫
সুমন আচার্য
ডিজিএম (বৈ.ক)

মোঃ হাবীবুল্লাহ খান
ব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা


**অফিস ঠিকানা :**
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন

ISO 9001: 2015

**যোগাযোগ নম্বর :**
ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd